



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।



নং-কুসক-২০২২/১৭৬

তারিখঃ ২১/০৬/২০২২

ঃ বিজ্ঞপ্তি ঃ

(বন্যার্ত শিক্ষার্থীদের কথা বিবেচনায় রেখে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের আবেদন ফরম পূরণ এর সময় বৃদ্ধি সম্পর্কিত বিজ্ঞপ্তি)

ডীন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, এর স্মারক নং- ১০ (২২৬)/জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/২০২২/২৫৭৫ তারিখ ২৮/০৬/২০২২ খ্রি. মোতাবেক সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বন্যার্ত শিক্ষার্থীদের কথা বিবেচনায় রেখে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের আবেদন ফরম পূরণের সময় ২৯/০৬/২০২২ হতে ০৬/০৭/২০২২ খ্রি. তারিখ বিকাল ৪টা পর্যন্ত বৃদ্ধি করা হলো।

উল্লেখ্য যে, ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ০৫/০৭/২০২২ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরমপূরণ করতে হবে। অন্যথায় দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১মবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

উল্লেখ্য যে, ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার বিষয় পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে চূড়ান্ত ভর্তি ফরমে বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে Yes অপশন সিলেক্ট করতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীদের বিষয় পছন্দক্রম অনুযায়ী সংশ্লিষ্ট কলেজে বিষয়ভিত্তিক শূন্য আসনে মেধার ভিত্তিতে বিষয় পরিবর্তন করা হবে।

এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ২০/০৭/২০২২ খ্রি. তারিখ থেকে শুরু হবে।
বিষয়টি অতীব জরুরী।

প্রতিস্থাপক
২১/০৬/২২
অধ্যক্ষ

কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

আহবায়ক
২১/০৬/২২

১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি-২০২১-২০২২
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।